

আজ বুধবার টাঙ্গাইলের মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২৩তম প্রতিষ্ঠাবার্ষিকী। ১৯৯৯ সালের এই দিনে তৎকালীন ও বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা মজলুম জননেতা মওলানা আবদুল হামিদ খান ভাসানীর নামে সদর উপজেলার সন্তোষে বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠা করেন। বিশ্ববিদ্যালয় আইন পাস হয় ২০০১ সালের ১২ জুলাই এবং একাডেমিক কার্যক্রম শুরু করে ২০০৩ সালের ২৫ অক্টোবর।

৫৭.৯৫ একর আয়তনের ওপর প্রতিষ্ঠিত এই বিশ্ববিদ্যালয়ে ছয়টি অনুষদের অধীনে ১৮টি বিভাগ চালু রয়েছে।

বিজ্ঞাপন

বর্তমানে বিশ্ববিদ্যালয়ে পাঁচ হাজার ৩৪৭ জন শিক্ষার্থী, ২৪৩ জন শিক্ষক, ২৫২ জন কর্মকর্তা ও ৩৬২ জন কর্মচারী রয়েছে। শিক্ষার্থীদের জন্য সাতটি হল রয়েছে।

বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ফরহাদ হোসেন বলেন, ‘ভাইস চ্যান্সেলর হিসেবে যোগদানের পর থেকেই একাডেমিক, প্রশাসনিক ও অবকাঠামোগত উন্নয়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছি।’